



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF) ইউনাইটেডপিপল্‌স ডেমোক্রেটিকফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৭ জুলাই ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

ঘিলাছড়িতে দুই নিরীহ গ্রামবাসীকে আটকের নিন্দা ও প্রতিবাদ

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর রাঙামাটি জেলা ইউনিটের সংগঠক সচল চাকমা আজ ১৭ জুলাই ২০১৮, মঙ্গলবার সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বিবৃতিতে গতকাল নান্যাচর উপজেলার ঘিলাছড়িতে দুই নিরীহ গ্রামবাসীকে সেনাবাহিনী কর্তৃক অস্ত্র গুঁজে দিয়ে অন্যায়ভাবে আটকের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি অভিযোগ করে বলেন, গতকাল সোমবার রাত ১০টার দিকে নান্যাচর জোন থেকে একদল সেনা সদস্য ঘিলাছড়িতে গিয়ে অনন্ত বিকাশ দেওয়ান (৬৭), পিতা দেবসেন চাকমা ও সমর চাকমা(৩৭), পিতা পুতুল চাকমার বাড়ি ঘেরাও করে। পরে তল্লাশির নামে ৮-১০জন সেনা সদস্য বাড়িতে ঢুকে পরিবারের সদস্যদের অগোচরে অস্ত্র রেখে দেয় এবং নিজেদের রেখে দেয়া ওই অস্ত্র উদ্ধার দেখিয়ে তাঁদের দু'জনকে আটক করে। এসময় মুখোশ বাহিনীর ২ সদস্য কাপড় দিয়ে মুখ ঢাকা অবস্থায় সেনা সদস্যদের সাথে ছিল।

সচল চাকমা আরো বলেন, আটকের পর তাঁদেরকে প্রায় ২ ঘন্টা পর্যন্ত ঘিলাছড়ি বাজার ও ক্যাম্পে রেখে রাত ১২টার দিকে নান্যাচর নিয়ে যাওয়া হয়। এসময় সেনারা তিন জন দোকানদারের কাছ থেকে জোরপূর্বক স্বাক্ষর নেয়ার অভিযোগ করেন তিনি।

বিবৃতিতে ইউপিডিএফ নেতা বলেন, পার্বত্য চট্টগ্রামে সেনাবাহিনীর অন্যায় দমন-পীড়ন এমনভাবে বৃদ্ধি পেয়েছে এখন সাধারণ মানুষও আর নির্যাতন-হয়রানির হাত থেকে রেহাই পাচ্ছে না। অস্ত্র গুঁজে দিয়ে “সন্ত্রাসী” সাজিয়ে আটকের ঘটনা যেন নিত্যনৈমিত্তিক ঘটনায় পরিণত হয়েছে। প্রমোশন লাভের আশায় সেনাবাহিনী এ ধরনের অন্যায় ধরপাকড় ও নিপীড়ন-নির্যাতন চালাচ্ছে বলে তিনি মন্তব্য করেন।

তিনি অবিলম্বে সাজানো মিথ্যা অভিযোগ আটক দুই নিরীহ নিরপরাধ গ্রামবাসীকে নিঃশর্ত মুক্তি ও অন্যায় ধরপাকড় এবং জনহয়রানিমূলক সেনা অভিযান বন্ধের দাবি জানিয়েছেন

বার্তা প্রেরক

নিরন চাকমা
প্রচার ও প্রকাশনা বিভাগ
ইউপিডিএফ।